

**অভ্যন্তরীণ বোরো ধান ও গম ২০২৩ উপলক্ষ্যে মেঘনা উপজেলার সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব রাবেয়া আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, মেঘনা, কুমিল্লা  
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ  
তারিখ : ০৭/০৫/২০২৩  
সময় : সকাল ১০টা  
সভার উপস্থিতি : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুপতিক্রমে কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মেঘনা, কুমিল্লা সভাকে জানান যে খাদ্য মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সংগ্রহ শাখার ০২/০৫/২৩ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২৩.৭১ এর স্বাক্ষরমূলে জারিকৃত নির্দেশনায় মেঘনা উপজেলায় ৩০৭ মে. টন বোরো ধান সংগ্রহের বরাদ্দ পাওয়া যায়। অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা ২০১৭ অনুযায়ী বরাদ্দকৃত ধান সরাসরি কৃষকের নিকট থেকে সংগ্রহ করা হবে। ধানের সংগ্রহ মূল্য প্রতি কেজি ৩০/- (ত্রিশ) টাকা এবং সংগ্রহের সময়সীমা ০৭/০৫/২০২৩ থেকে ৩১/০৮/২০২৩ পর্যন্ত। একজন ৩ বস্তায় সর্বনিম্ন ১২০ কেজি থেকে ৩০০০ কেজি (৩ মে. টন) পর্যন্ত ধান খাদ্য গুদামে বিক্রয় করতে পারবেন।

গম সংগ্রহের ক্ষেত্রে খাদ্য মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সংগ্রহ শাখার ৩০/০৪/২৩ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২৩.৬৮ এর স্বাক্ষরমূলে জারিকৃত নির্দেশনায় মেঘনা উপজেলায় ৩৫ মে. টন গম সংগ্রহের বরাদ্দ পাওয়া যায়। অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা ২০১৭ অনুযায়ী বরাদ্দকৃত গম সরাসরি কৃষকের নিকট থেকে সংগ্রহ করা হবে। গমের সংগ্রহ মূল্য প্রতি কেজি ৩৫/- (পঁয়ত্রিশ) টাকা এবং সংগ্রহের সময়সীমা ০৭/০৫/২০২৩ থেকে ৩১/০৭/২০২৩ পর্যন্ত। একজন ৩ বস্তায় সর্বনিম্ন ১২০ কেজি থেকে ৩০০০ কেজি (৩ মে. টন) পর্যন্ত ধান খাদ্য গুদামে বিক্রয় করতে পারবেন।

এখানে উল্লেখ্য যে এ বছর মেঘনা উপজেলায় আতপ চাল ও সিদ্ধ চালের বরাদ্দ পাওয়া যায়নি।

উপজেলা কৃষি অফিস কর্তৃক সরবরাহকৃত কৃষক তালিকা উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির অনুমোদন সাপেক্ষে কৃষকদের কাছ থেকে ধান সংগ্রহের নির্দেশনা থাকায় সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার, মেঘনা, কুমিল্লাকে তালিকা সরবরাহের জন্য অনুরোধ করেন। উপজেলা কৃষি অফিসার কৃষকদের নামের তালিকা যথাসময়ে প্রদান করা হবে মর্মে সভাকে অভ্যর্থনা করেন। উপজেলার প্রত্যেক ইউনিয়নে জনপ্রতিনিধিদের মাধ্যমে কৃষকদের ধান বিক্রিতে উৎসাহ সৃষ্টি করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সংগ্রহ অভিযানে সরকারি নির্দেশনা বহির্ভূত ধান কোনক্রমেই সংগ্রহ করা না হয় এবং কোন প্রকার অনিয়ম সংগঠিত না হয় সে বিষয়ে সতর্ক থাকতে সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
রাবেয়া আক্তার

উপজেলা নির্বাহী অফিসার

ও সভাপতি

উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি

মেঘনা, কুমিল্লা।

স্মারকঃ ১৩.০১.১৯৭৫.০০১.০৬.২৩.২০০

তারিখঃ ০৭/০৫/২০২৩

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১. মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-১, উপদেষ্টা, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
২. উপজেলা চেয়ারম্যান, মেঘনা, কুমিল্লা।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, মেঘনা, কুমিল্লা।
৫. সদস্য.....উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
৬. জনাব ..... কৃষক প্রতিনিধি, মেঘনা, কুমিল্লা।
৬. অফিস কপি।

*Asid Osman*  
*07/05/23*

আবু সালেহ মোহাম্মদ ইমরান

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও সদস্য সচিব

উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি

মেঘনা, কুমিল্লা।